গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
গুইমারা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## গুইমারা উপজেলা পরিষদের "মার্চ/২০২৩খ্রি." মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মেমং মারমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২৮/০৩/২০২৩খ্রি.
সময় ঃ বিকাল-১০.৩০ ঘটিকায়
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কার্যালয়।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক ও খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব রক্তিম চৌধুরী কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় এর সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা সমাধান, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণকে একসাথে কাজ করার বিনীত আহবান জানান। পরবর্তীতে তিনি বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রঃ নং | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** সভায় উপস্থাপিত ফেব্রুয়ারী/২০২২খ্রি. মাসের সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণের কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। | ফেব্রুয়ারী/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | সভার সকল সদস্য |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী জনাব মোহা: আব্দুল মান্নান জানান যে, গুইমারা উপজেলায় ২০২২-২০২৩খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় ১ম কিস্তি বাবদ ২০.৭৩ লক্ষ টাকা, ২য় কিস্তি বাবদ ২০.৭৩ লক্ষ টাকা এবং ৩য় কিস্তি বাবদ ২০.৭৩ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। ৪র্থ কিস্তি বরাদ্দ = ২০.৭৩ লক্ষ টাকা পাওয়া সাপেক্ষে সর্বমোট= ৮৫.৬৭ (৫% টেন্ডার লেস সহ) লক্ষ টাকায় মোট=৫৪ (চুয়ান্ন)টি প্রকল্প গ্রহণ করা হয়। ৫৪টি প্রকল্পের মধ্যে ৩০টি প্রকল্প ০৭টি প্যাকেজে টেন্ডার প্রক্রিয়ায় এবং ২৪টি প্রকল্প পিআইসির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে কার্যক্রম চলমান রয়েছে। উপরোক্ত প্রকল্পের অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারকে বিল প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | গুইমারা উপজেলায় এডিপি ২০২২-২৩খ্রি.অর্থবছরে সকল কার্যক্রম সঠিক ভাবে দ্রুত বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী তৎপর ব্যবস্থা গ্রহণ করবেন। পিআইসি ও টেন্ডার কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী গুইমারা। |

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) কর্তৃক গুইমারা উপজেলায় অবকাঠামো উন্নয়ন (৫ম পর্যায়) উপ-প্রকল্প ২টির মধ্যে ০১নং প্রকল্পের কাজ যথা সময়ে প্রাক্কলন অনুযায়ী সম্পূর্ণ করা হয়েছে। বাস্তবায়িত প্রকল্প ১টি ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল প্রদানের নিমেত্তে প্রয়োজনীয় সকল চাহিত তথ্যাদি প্রকল্প পরিচালক মহোদয়ের বরাবর বিল বিবরণী জানুয়ারী ২০২৩খ্রি. মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার অনুমোদনক্রমে প্রেরণ করা হয়েছে। এবং ০২নং প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পূর্ণ হওয়ায় নিম্নে ছক অনুযায়ী বিল বিবরণী প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরনের বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য যে, প্রকল্প কার্যালয় কর্তৃক প্রকল্পের মেয়াদ ৩১/০৩/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হয়।

**(১) উপ-প্রকল্পের শিরোনাম: গুইমারা উপজেলায় উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ।**

| উপজেলা নাম | উপ-প্রকল্পের নম্বর | চুক্তি মূল্য (ভ্যাট ও আয়কর সহ) টাকা | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (ভ্যাট ও আয়কর সহ) টাকা | পরিশোধ যোগ্য মোট বিলের পরিমাণ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা) | ভ্যাটের পরিমাণ (টাকা) | আয়করের পরিমাণ (টাকা) | ভ্যাট ও আয়কর সহ মোট বিল (টাকা) | মন্তব্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| গুইমারা | INF-2020-21- | ৩২,৯২,৬৮২ | ৩২,৯২,৬৮২/- | ২৭,০০০০০/- | ৪,৯৩৯০২ | ৯৮,৭৮০/ | ৩২,৯২৬৮২/ | ১৫% |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 204647-02 | /- | | | /- | - | - | ভ্যাট ও ৩% আয়কর | |

উপরোক্ত প্রকল্পের অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারকে বিল প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ত্রাণ শাখা:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩খ্রি. অর্থবছরে (ক) সাধারণ কাবিটা ২য় পর্যায় প্রকল্পের সংখ্যা ২০টি, বরাদ্দকৃত টাকা=২৪,০৮,৯৩৮.৫৯/-টাকা কাজের অগ্রগতি ০০%। (খ) সাধারণ টি,আর ২য় পর্যায় প্রকল্পের সংখ্যা ০৮টি, বরাদ্দকৃত টাকা=৮,৯৬,৬৫১.১৭/-। কাজের অগ্রগতি ০০%। (গ) সাধারণ কাবিখা ২য় পর্যায় খাদ্য শস্য প্রকল্পের সংখ্যা ১১টি, বরাদ্দকৃত গম ৩২.১৬০১ মে.টন, কাজের অগ্রগতি ৫০%। (ঘ) সাধারণ কাবিখা ২য় পর্যায় প্রকল্প সংখ্যা ১১টি, খাদ্য-শস্য বরাদ্দকৃত চাল ১৬.০৮মে.টন। কাজের অগ্রগতি ৫০%। (ঙ) এমপি কাবিটা প্রকল্প সংখ্যা ০৩টি বরাদ্দকৃত খাদ্যশস্য গম ১৫.০০মে.টন। কাজের অগ্রগতি ৫০%। (চ) এইচবিবি ১ম পর্যায় প্রকল্প সংখ্যা ০১টি , বরাদ্দকৃত টাকা =৭০,৮৬,০০০/- কাজের অগ্রগতি ৯০% (ছ) এমপি কাবিটা ২য় পর্যায় প্রকল্প সংখ্যা ০৫টি, বরাদ্দকৃত টাকা=৮,০০,০০০/- কাজের অগ্রগতি ০০% (জ) এমপি টি,আর ২য় পর্যায় প্রকল্প সংখ্যা ০৩টি, বরাদ্দকৃত টাকা=৩,০০,০০০/- কাজের অগ্রগতি ০০%। (ঝ) অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প ১ম পর্যায় প্যাকেজ সংখ্যা ০৩টি, বরাদ্দকৃত টাকা=৮০,৬১,৭০৮/-টাকা। কাজের অগ্রগতি ৮০%। (ঞ) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ৪র্থ পর্যায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্প ঘরের সংখ্যা ৭৫টি, বরাদ্দকৃত টাকা=২,১৮,৭৭,৫০০/-, কাজের অগ্রগতি ৮০%। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম দ্রুত বাস্তাবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী অফিসারকে বলা হলো এবং অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুইমারা। |
| ০৪ | **সড়ক ও জনপদ বিভাগ:** গুইমারা উপজেলা সড়ক ও জনপদ বিভাগের উপসহকারী প্রকৌশলী অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | |
| ০৫ | **প্রাণী সম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার পক্ষে জনাব সোনা রতন চাকমা জানান যে, গুইমারা উপজেলায় মার্চ/২০২৩ মাসে (১) গবাদি পশুর টিকা প্রদান ৯৭৫ মাত্রা, (২) হাঁস-মুরগীর টিকা প্রদান-৮,৪০০মাত্রা, (৩) গবাদি পশুর চিকিৎসা প্রদান ১২৭৫টি, (৪) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ২৪,২৫টি, (৫) কৃত্রিম প্রজনন ৭০টি মোট রাজস্ব আয় ৪,৫০৫/- টাকা। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, গুইমারা। |
| ০৬ | **কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার জনাব ওঙ্কার বিশ্বাস জানান যে, ২০২২-২৩ অর্থবছরে (ক)রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্য মাত্রা ছিল উফশী ২২০ হেক্টর ও হাইব্রিড ৫১০ হেক্টর এর মধ্যে উফশী ৩০০ হেক্টর ও হাইব্রিড ৫৭০ হেক্টর অর্জিত হয়েছে। (খ) চলতি রবি মৌসুমে ভূট্টা, সরিষা ও সূর্যমুখী উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করার জন্য কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ভূট্টা ১০০জন, সরিষা ১৫০জন, সূর্যমূখী ২০জন বোরো ধান উফশী ৫০০জন ও বোরো হাইব্রিড ৬০০জন কৃষক কৃষাণীর মাঝে বিতরণ করা হয়েছে। বর্তমান কুশ গজানো অবস্থায় আছে। (গ) খরিপ-১/২০২৩-২৪ মৌসুমে উফশী আউশ ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার ৮০০জন কৃষক/কৃষাণীর মাঝে প্রতি কৃষক পরিবার সর্বোচ্চ ১ (এক) বিঘা জমির জন্য বীজ -৫কেজি, ডিএপি-১০কেজি, এবং এমওপি-১০কেজি দেয়া হবে। (ঘ) ২২-২৩ অর্থবছরে পারিবারিক পতিত জমি ও বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় পারিবারিক পুষ্টি বাগান ৯৩টি বরাদ্দ পাওয়া যায় এর মধ্যে ২১টি গুইমারা সদর ইউনিয়ন, ২১টি হাফছড়ি ইউনিয়ন এবং ২০টি সিন্দুকছড়ি ইউনিয়নে প্রদর্শনী স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৩১টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের জন্য কৃষক নির্বাচন করা হয়েছে। (ঙ) কাজু বাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় কাজুবাদাম ২৫টি, কফি ৩৫টি, বাণিজ্যিক কাজুবাদাম প্রদর্শনী ০১টি ও কফি প্রদর্শনী ০৩টি বরাদ্দ দেয়া হয়েছে। কৃষক/কৃষাণীর নামের তালিকা তৈরীর কার্যক্রম চলমান। (চ) লেবু জাতীয় প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯০টি প্রদর্শনী প্রদান করা হয়েছে। উক্ত প্রদর্শনীর মধ্যে ৩০টি মাঠে বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ৬০টি বাস্তবায়নের জন্য উপ-সহকারী কৃষি অফিসারদের প্রকৃত কৃষকদের তালিকা তৈরীর জন্য নির্দেশ প্রদান করা হয়। (ছ) চলতি মাসে অত্র উপজেলায় ইউরিয়া ৭০মে.ট.,টিএসপি ৩১.৮০মে.ট., ডিএপি ১০.০০মে.ট. ও এমওপি ১৪.৮০মে.টন প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ইউরিয়া ৩০মে.ট.,টিএসপি ১৫..৯০মে.ট., ডিএপি ৮.০০মে.ট. ও এমওপি ৫.০০মে.টন উত্তোলন করেন। অবশিষ্ট সার আগামী সাপ্তাহের মধ্যে উত্তোলন করবেন। বর্তমান সারের কোন সংকট নেই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সকল কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো।<br><br>মাঠ পর্যায়ে সকল প্রকল্প নিয়মিত পরিদর্শন/ তদারকির জন্য উপজেলা কৃষি অফিসার তৎপর থাকবেন এবং সঠিক ভাবে কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা কৃষি অফিসার, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য অফিসার মিজ সুদৃষ্টি চাকমা জানান যে, মার্চ ২০২৩খ্রি. মাসে মাঠ পর্যায়ে সংযোগ মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। পার্বত্য চট্টগ্রাম মৎস্য চাষ প্রকল্পে গুইমারা উপজেলায় চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। মৎস্য অধিদপ্তরের কল সেন্টার ১৬১২৬ নম্বরে মৎস্য সম্পর্কিত যাবতীয় পরামর্শ ও তথ্য সেবা প্রদান। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুইমারা। |
| ০৮ | **সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজ সেবা অফিসার জনাব আফজাল হোসেন টিপু জানান যে, ২০২২-২৩ অর্থবছরে মার্চ/২০২৩খ্রি. মাসে (১)জানুয়ারী/২০২৩ হতে ৩টি ইউনিয়নে বয়স্ক ও বিধবা ভাতা মৃত্যুর পরিবর্তে নতুন প্রতিস্থাপন করা হয়। (২) জানুয়ারী/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত ০৩তিন মাসের সকল ভাতার পেরোল সম্পন্ন করে প্রেরণ করা হয়েছে। (৩) ০১(এক) জন ক্যান্সার রোগী এবং ০১ (এক) জন কিডনী রোগীর চিকিৎসা বাবদ জনপ্রতি ৫০,০০০/- টাকা করে মোট=১,০০,০০০/- টাকা বিতরণ করা হয়। (৪) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে গুইমারা উপজেলায় অসহায়, দুস্থ ১৬ (ষোল) জনের মাঝে এককালীন আর্থিক ৫০,০০০/-টাকা বিতরণ করা হয়েছে। ঋণ কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার গুইমারা। |
| ০৯ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী জনাব মো শামীম হোসেন জানান যে, (১) পিইডিপি-৪ (২০২১-২২) এর ৭টি ওয়াশব্লকের মধ্যে ০৩টির কাজ চলমান। (২)২০২২-২৩ পিইডিপি-৪ এর ১৮টি ওয়াশব্লকের বেসিন ও টিউবওয়েলের কাজ চলমান (প্রায় শেষ পর্যায়)। (৩) ২০২২-২৩ এর সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৭৮টি গভীর নলকূপের মধ্যে গুইমারা ও হাফছড়ি ইউনিয়নের ২৬টি কাজ শেষ, বাকী ৫২টি কাজ মাননীয় এমপি, উপজেলা চেয়ারম্যান মহোদয় ও সিন্দুকছড়ি ইউনিয়ন চেয়ারম্যান হতে সাইটলিষ্ট নির্ধারিত হলে কাজ দ্রুত শুরু করা হবে। | উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী সকল কাজ দ্রুত সম্পূর্ণ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এবং সঠিক ভাবে সকল কাজ পরিদর্শন করবেন। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল গুইমারা। |
| ১০ | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) জনাব কৃষ্ণ লাল দেবনাথ জানান যে, গুইমারা উপজেলায় প্রাথমিক শিক্ষা বিভাগের ৬টি বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম চলছে। (১) গোয়াইছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় (২) ছোটপিলাক স: প্রা: বি: (৩) বড়পিলাক-২ স:প্রা:বি: (৪) শহীদ আফতাব কাদের স: প্রা: বি: (৫) মুসলিম পাড়া-২ স: প্রা: বি: এ পুনর্নির্মাণ এবং (৬) গড়িয়াছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষ সম্প্রসারণ কাজ চলমান।<br>পবিত্র রমজান ০৬/০৪/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত বিদ্যালয়ের শ্রেণি শিক্ষা কার্যক্রম চলমান থাকবে। এছাড়া গুইমারা উপজেলায় প্রাথমিক শিক্ষা বিভাগের নীতিমালা মোতাবেক উপজেলা শিক্ষা কমিটি গঠন করা হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গুইমারা। |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর পক্ষে জনাব মো: বাবলু হোসেন, প্রধান শিক্ষক, গুইমারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয় জানান যে, (ক) হাফছড়ি উচ্চ বিদ্যালয় একাডেমিক ভবনের জন্য বরাদ্দ আসছে। (খ) বাইল্যাছড়ি নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে একটি ছাত্রাবাস নির্মাণ কাজ চলমান। (গ) এসএসসি/দাখিল পরীক্ষার্থীদের নাম, রোল ও অন্যান্য তালিকা পুন:চেক চলমান রয়েছে। (ঘ) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর বই পরিবর্তন করা হয়েছে। এবং এদের বার্ষিক পরীক্ষা হবে না কিন্তু শ্রেণীর কার্যক্রম,পরীক্ষা,বাড়িকাজ ও অন্যান্য কাজ সঠিকভাবে করা হচ্ছে। শিক্ষকদের প্রশিক্ষণের আওতায় আনা হচ্ছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গুইমারা। |
| ১২ | **মহিলা বিষয়ক অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছা: হাছিনা আক্তার জানান যে, মার্চ/২০২৩খ্রি. মাসের ২০২৩-২৪ চক্রের ০৩তিন টি ইউনিয়নের মার্চ/২০২৩খ্রি. ০১এক মাসের ভিডব্লিউবি ডিও পত্র দেওয়া হয়। এবং খাদ্যশস্য বিতরণ করা হয়। (২) মহিলাদের জন্য আইজিএ প্রশিক্ষণ প্রকল্প অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ১৮তম ব্যাচ প্রশিক্ষণ সমাপনী হয়েছে এবং আপাদত প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। (৩) এছাড়াও ভিডব্লিউবি উত্তোলনের সময় উপকাভোগীদের মাঝে বাল্য বিবাহের নেতিবাচক দিক, বিবাহ রেজিষ্ট্রেশন না থাকার কুফল সম্পর্কে আলোচনা ও সচেতন করা হয়। (৪) মা ও শিশু সহায়তা ভাতার জুলাই/২০২২খ্রি. হতে ফেব্রুয়ারী/২০২৩খ্রি. পর্যন্ত ০৮মাসের প্রত্যেক ইউনিয়ন হতে ৪০জনের তালিকা চুড়ান্ত করণ কার্যক্রম চলমান আছে। (৫) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | **যুব উন্নয়ন অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত:**<br>উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোহাং মিজানুর রহমান জানান যে, গুইমারা উপজেলায় ৫৮জন যুবদের মাঝে ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে যুব ঋণ বিতরণ ১৮,৪০,০০০/-( আঠার লক্ষ চল্লিশ হাজার ) টাকা যুব ঋণ গ্রহণকারী ৪৫জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ১৫০জন (৫ ব্যাচ)। ১ম ব্যাচে প্রশিক্ষণ গ্রহণকারী ৩০জন। ২য় ব্যাচের প্রশিক্ষণ চলমান। একটি যুব সংগঠন অত্র কার্যালয়ের মাধ্যমে নিবন্ধনের জন্য প্রক্রিয়াধীন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ বিতরণ ও গ্রহণ কার্যক্রম সঠিক ভাবে পর্যবেক্ষণ করার জন্য বলা হলো।<br>সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা যুবউন্নয়ন অফিসার, গুইমারা। |
| ১৪ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গুইমারা |
| ১৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মিজ সোলি চাকমা জানান যে, ফেব্রুয়ারী/২৩খ্রি.মাসে গুইমারা উপজেলায় (১) মোট সক্ষম দম্পতির সংখ্যা ৯,৫০৫ (২) খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৪২জন (৩) কনডম ব্যবহারকারী (নতুন) ১৬জন (৪) ইনজেকটেবল গ্রহণকারী (নতুন) ৩৬জন (৫) আই.ইউ.ডি গ্রহণকারী ৯জন (৬) ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ১৬জন (৭) মোট গর্ভখালাস স্বাভাবিক ৫জন, এফডব্লিউসিতে স্বাভাবিক ৫জন। (৮) মোট গর্ভবতীর সংখ্যা ৩৮৬জন (৯) গর্ভবতী পরিচর্যা ১০৭জন (১০) প্রসব পরবর্তী পরিচর্যা ৫৯জন। (১১) চলতি মাসে মোট জীবিত জন্মের সংখ্যা ৫জন। (১২) চলতি মাসে মোট মৃত্যুর সংখ্যা ৯জন (১৩) সাধারণ রোগী সেবা প্রদান ৫০৩জন (১৪) নব দম্পতির সংখ্যা ১৯জন (১৫) মোট পরিবার পরিকল্পনা গ্রহণ কারী (নতুন+পুরাতন)=৭৪৪৫জন। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালন, মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শন/তদারকি করণ এবং সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গুইমারা। |
| ১৬ | **রেঞ্জ কর্মকর্তা ঃ**<br>উপজেলা রেঞ্জ কর্মকর্তার পক্ষে জনাব বাহার উদ্দিন জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | নিয়মিত মাসিক সভায় কার্যপত্র প্রদানের জন্য বলা হলো। সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।ার | রেঞ্চ কর্মকর্তা, জালিয়া পাড়া রেঞ্চ |
| ১৭ | **খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য গুদাম এর ভারপ্রাপ্ত কর্মকর্তার জনাব মো: হামিদুল মামুন জানান যে, (১) ইপি, ওপি খাতে প্রতিমাসে আনসার, বিজিবি এবং অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর মার্চ/২৩খ্রি. মাসে রেশন চাল ও গম বিতরণ করা হয়েছে। (২) ভিজিডি/ভিডব্লিউবি খাতে মার্চ/২০২৩ মাসের ডিও মিলার এর নামে ইস্যু করা হয়েছে এবং পুষ্টি চাল বিতরণ করা হয়েছে। (৩)কাবিখা সাধারণ খাতে ছাড়পত্রের আলোকে চাউল ও গমের ডিও ইস্যু করা হয়েছে। (৪) খাদ্য বান্ধব/ওএমএস খাতে ডিও ইস্যু করা হয়েছে। পুষ্টি মিশ্রণ পূর্বক ১লা মার্চ/২৩ ডিলার গণের মাধ্যমে বিতরণ করা হয়েছে। ওএমএস কার্যক্রম চলমান দৈনিক সর্বোচ্চ ১.০০০ মে.টন বরাদ্দ।<br>বাজার দরে স্থানীয় বাজারে চাল/ডাল/আটা/তেল/চিনি ধান সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের কিছুটা মূল্য বৃদ্ধি পেয়েছে। বাজারদর উপজেলা খাদ্য বিভাগ নিয়মিত উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করেন। কোন ব্যবসায়ী যাতে নিয়ম-বহিভূত খাদ্যশস্য মজুদ না করে সেদিকে খাদ্য বিভাগ ব্যবসায়ীগণকে সর্তক করছে। এবং ব্যবসায়ীগণকে নিয়ম মেনে লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার অনুরোধ করা হয়। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্যগুদাম গুইমারা। |
| ১৮ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক জনাব টিংকু চাকমাজ জানান যে, গুইমারা উপজেলায় জুলাই/২০২২খ্রি. হতে ফেব্রুয়ারী/২০২৩খ্রি. পর্যন্ত পল্লী সঞ্চয় ব্যাংক এর অগ্রগতি প্রতিবেদন। মোট সমিতি ৮৭টি, সদস্য সংখ্যা ৩৭৮৪জন। ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬৮৩/-লক্ষ টাকা, অর্জন ৩৪৬.০৫/-লক্ষ টাকা, হার ৫০.৬৭%। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬৩৩/-লক্ষ টাকা, অর্জন ৩৩২.১১/-লক্ষ টাকা, হার ৫২.৪৭%। চলতি ঋণ ৫৮৮.৩ লক্ষ টাকা, খেলাপি ঋণ ১৭৫.৪৬, মোট বকেয়া ৭৬৩.৭৬। সঞ্চয় আদায় মাসিক লক্ষ্যমাত্রা ৫০.০০/-লক্ষ টাকা, অর্জন ২১.৮৯/-লক্ষ টাকা, হার ৪৩.৭৮%। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সকল কার্যক্রম স্বাচ্ছতার সাথে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে শতভাগ ঋণ আদায়, সমিতি গঠন ও অন্যান্য কার্যক্রম সরকারি নিয়ম অনুসারে সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এবং ঋণ খেলাপিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, গুইমারা |
| ১৯ | **টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড) ঃ**<br>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) জনাব এস এম জামশেদ উল আজম জানান যে, | পাড়াকেন্দ্রে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। পাড়াকেন্দ্রের | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, |

| | | | |
|---|---|---|---|
| | গুইমারা উপজেলায় ফেব্রুয়ারী/২০২৩খ্রি. (১) ২০ ফেব্রুয়ারী ২০২৩খ্রি. তারিখে ১৫৭টি পাড়া কেন্দ্রে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের মাধ্যমে পাড়াকর্মীগণ স্বাস্থ্য বিভাগের সাথে অংশগ্রহণ করেন এবং পাড়াকেন্দ্রের (৬-১১) মাস বয়সী ৪৯৬জন শিশু নীল ক্যাপসুল গ্রহণ করেছে এবং (১২-৫৯)মাস বয়সী ২,৫৫০জন শিশু লাল ক্যাপসুল গ্রহণ করেছে। (২) সিন্দুকছড়ি ইউনিয়ন পরিষদের ইউনিসেফের সহায়তায় শিশু সুরক্ষা বিষয়ক একটি বিলবোর্ড স্থাপন করা হয়েছে। (৩) ২১শে ফেব্রুয়ারী ১৫৭টি পাড়াকেন্দ্রে যথাযোগ্য মর্যাদায় মহান ভাষা দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | শিক্ষকদের নিয়মিত তদারকি করতে হবে। সরকারি সকল নির্দেশনা পালনের জন্য বলা হলো। | গুইমারা। |
| ২০ | **উপজেলা নির্বাচন অফিস:**<br>উপজেলা নির্বাচন অফিসার জনাব মুহাম্মদ আশরাফুল আলম জানান যে, আগামী ২ মার্চ ২০২৩খ্রি. তারিখে গুইমারা উপজেলায় জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়। জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন এবং ওয়ারিশ সনদ সংশোধনের বিষয়ে আলোচনা হয়। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রাখার জন্য বলা হলো। জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন এবং ওয়ারিশ সনদ সংক্রান্ত সমস্যাসমূহ সমাধানে উপজেলা নির্বাচন অফিসার ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয়করে গুরুত্বসহকারে দেখবেন। | উপজেলা নির্বাচন অফিসার গুইমারা |
| ২১ | **উপজেলা আইসিটি বিভাগ :**<br>সহকারী প্রোগ্রামার জনাব রাজিব রায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | |
| ২২ | **উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিস:**<br>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তা জনাব এবিএম কামরুজ্জামান জানান যে, গুইমারা উপজেলায় মার্চ ২০২৩খ্রি. মাসে ইউসিসিএলি প্রকল্পের আওতায় সঞ্চয় জমা হয় =৩,৭০০/- টাকা, ঋণ আদায় =৯,৬০০টাকা কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় ৫ জন সমবায়ীর মাঝে মোট=৪,০৫,০০০/-টাকা ক্ষুদ্র উদ্যোক্ত ঋণ বিতরণ করা হয়েছে। | সমিতি গঠন, ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে সম্পাদনের জন্য বলা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুইমারা |
| ২৩ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প-২) :**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা মিজ কীর্তি চাকমা জানান যে, মার্চ/২০২৩খ্রি. মাসের মোট সেবা গ্রহীতার সংখ্যা ৬৭০জন। তথ্যকেন্দ্রে সেবা প্রদান ৪০জন। এবং উঠান বৈঠক ০২টি সেবা গ্রহীতা ১০০জন। | নিয়মিত উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম সহ সকল কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের জন্য বলা হলো। | উপজেলা তথ্য সোবা কর্মকর্তা গুইমারা |
| ২৪ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়/রাজস্ব তহবিল সংক্রান্ত :**<br>গুইমারা উপজেলা পরিষদের মার্চ/২০২৩খ্রি. মাসের আনুষাঙ্গীক বিল ভ্যাট ও আয়কর সহ ২,৫৩১/-(দুই হাজার পাঁচশত একত্রিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। | মার্চ/২০২৩খ্রি. মাসের আনুষাঙ্গীক বিল ভ্যাট ও আয়কর সহ ২,৫৩১/-(দুই হাজার পাঁচশত একত্রিশ)টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান ও ইউএনও গুইমারা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৬/২০২৬

(মেমং মারমা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-chairmanguimara@gmail.com
মোবাইল নং-০১৫৫৩২৪৮৮২৪

২৮.০৩.২৩

স্মারক নংঃ ০৬.৪৬.৪৬৪৭.০০০.১৬.০০২.৮৮.২০২১- ২২ তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক,স্থানীয় সরকার,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), গুইমারা উপজেলা পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। উপজেলা.......................................................................অফিসার(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান, গুইমারা/হাফছড়ি/সিন্দুকছড়ি ইউ.পি.(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জনাব ....................................................................................

২৮.৩.২৩

( রক্তিম চৌধুরী )
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-unoguimara@gmail.com
মোবাইল নং-০১৫৫০৬০৪৫২৭

28.03.23